দৈনিক বাংলা
দৈনিক বাংলা
তাং ... 28 SEP 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 8 ...

# এসএসসি-মাস্টার ডিগ্রীর জাল সার্টিফিকেট উদ্ধার ঃ ৮ জন গ্রেফতার

গোয়েন্দা পুলিশ গতকাল হাতিরপুল ও ঝিকাতলা থেকে এসএসসি, মাষ্টার ডিগ্রী, ডিপ্লোমা, এমবিবিএস, এলএলবি পাসের তিন হাজার জাল সনদপত্র, মার্কশীট, প্রশংসাপত্র এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের জাল সীলমোহরসহ আট ব্যক্তিকে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃতদের নাম সিরাজ, মোহাম্মদ মোসলেম, আলী আহমেদ, হাফিজ আহমেদ, শাহ আলম মোল্লা, মোয়াজ্জেম হোসেন, মোতালেব ও তাসলিনা তাহমিনা।

পুলিশ জানায়ঃ বেশ কিছুদিন ধরে ঢাকা মহানগরীতে সংঘবদ্ধ একটি দল বিভিন্ন শিক্ষাবোর্ডের এসএসসি থেকে শুরু করে মাষ্টার ডিগ্রীসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সার্টিফিকেট, মার্কশীট, প্রশংসাপত্র, সীলমোহর ইত্যাদি জাল করে মোটা টাকার বিনিময়ে বিক্রি

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## এসএসসি-মাস্টার

(প্রথম পৃঃ পর)

করে আসছিল।

এ ঘটনা যাচাই করার জন্য বহু আগে ডিএমপির গোয়েন্দা শাখা গোপন চর নিয়োগ করে।

গতকাল পাওয়া গোপন সংবাদের ভিত্তিতে গতকাল একটানা ২৪ ঘন্টা অভিযান চালিয়ে এই অপরাধীদের গ্রেফতার করা হয়।